17

দৈনিক বাংলা

তারিখ 23 MAR 1996
পৃষ্ঠা ১ কলাম ১

আজ শিক্ষা মন্ত্রণালয়ে বৈঠক

# অসহযোগের জন্য এসএসসি পরীক্ষা নিয়ে অনিশ্চয়তা

**স্টাফ রিপোর্টার** ঃ আগামী ২৮ মার্চ এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবার কথা। নির্ধারিত তারিখ থেকে এই পরীক্ষা অনুষ্ঠিত হবে কি হবে না এ নিয়ে দেশের প্রায় ৭ লাখ পরীক্ষার্থী এবং তাদের অভিভাবকরা উদ্বেগ আর উৎকণ্ঠার মধ্য দিয়ে দিন কাটাচ্ছেন। বিরোধীদলের লাগাতার অসহযোগ কর্মসূচী কেন্দ্র করে এই উৎকণ্ঠার সৃষ্টি হয়েছে।

অসহযোগ কর্মসূচীর আহবানকারী অন্যতম দল আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা শুক্রবার এক বিবৃতিতে এসএসসি পরীক্ষা দু'সপ্তাহ পিছিয়ে দেয়ার আহবান জানিয়েছেন। অপরদিকে জামায়াতে ইসলামীর আমীর অধ্যাপক গোলাম আযম এসএসসি পরীক্ষা অনির্দিষ্টকালের জন্য পিছিয়ে দেয়ার জন্য কর্তৃপক্ষের প্রতি আহবান জানিয়েছেন। এই দুই নেতা নেত্রীর দুই ধরনের আহবান জানানোর ফলে নির্ধারিত তারিখের দুই সপ্তাহ পরে পরীক্ষা অনুষ্ঠানের যে সম্ভাবনা ছিল তাও অনিশ্চিত হয়ে পড়েছে।

উদ্ভূত এই পরিস্থিতির আলোকে আজ শনিবার সকাল ১০টায় শিক্ষামন্ত্রী ব্যারিস্টার রফিকুল ইসলাম মিয়ার সভাপতিত্বে শিক্ষা মন্ত্রণালয়ে এক বৈঠক অনুষ্ঠিত হবে। বৈঠকে সংশ্লিষ্ট মন্ত্রণালয় অধিদফতর ও শিক্ষা বোর্ডের কর্মকর্তা এবং ঢাকার সরকারী, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ বৈঠকে যোগ দেবেন। মত বিনিময়ের জন্য বিভিন্ন

(৮-এর পৃঃ ১-এর, কঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর) **অসহযোগের জন্য এসএসসি পরীক্ষা**

শিক্ষক সমিতির প্রধানদেরও বৈঠকে আমন্ত্রণ জানানো হয়েছে।

বৈঠকে আসন্ন এসএসসি ও দাখিল পরীক্ষা অনুষ্ঠানের বিষয় নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা হবে।